# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক প্রণীত বার্ষিক অডিট রিপোর্ট এর সংক্ষিপ্তসার

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন
## বিদেশে অবস্থিত বাংলাদেশের ৯ টি দূতাবাস
## অর্থ বৎসর:২০০৪-২০০৫
## (১ম খন্ড)

[গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত]

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক প্রণীত বার্ষিক অডিট রিপোর্ট এর সংক্ষিপ্তসার

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন
## বিদেশে অবস্থিত বাংলাদেশের ৯ টি দূতাবাস
## অর্থ বৎসর:২০০৪-২০০৫
## (১ম খন্ড)

[গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক, দূতাবাস অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এই অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত

(আসিফ আলী)

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

বাংলাদেশ

তারিখঃ ২৫/০৩/১৪১৪ বঙ্গাব্দ

০৯/০৭/০৭ খ্রিষ্টাব্দ

# মহাপরিচালকের মন্তব্য

পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিদেশে মোট ৫৮টি দূতাবাস রয়েছে। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর পক্ষে দূতাবাস অডিট অধিদপ্তর কর্তৃক পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিদেশস্থ ৯টি দূতাবাসের ২০০৪-২০০৫ ও তৎপূর্ববর্তী অর্থ বৎসরের হিসাব প্রচলিত সরকারী আর্থিক বিধি বিধান এবং নির্বাহী আদেশাবলীর আলোকে টেষ্ট অডিট করে এ অডিট রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। উক্ত দূতাবাস সমূহের ১৫ টি বিষয়ের উপর ১৮ টি গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়ক্ষতি ইত্যাদি এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এ অডিট রিপোর্টে যে সকল আর্থিক অনিয়ম ও ত্রুটি-বিচ্যুতি অন্তর্ভুক্ত করা হয়েছে তা সংশ্লিষ্ট আর্থিক বৎসরের লেনদেনের যে অংশ নিরীক্ষা করা হয়েছে তারই ফলশ্রুতি। অডিট রিপোর্টে বর্ণিত তথ্য ও অনিয়ম টেষ্ট অডিট এর ভিত্তিতে প্রাপ্ত অর্থাৎ উদ্‌ঘাটিত তথ্য উদাহরণমূলক, লেনদেন বা অবস্থার পূর্ণাংগ চিত্র নয়।

স্বাক্ষরিত

(মোঃ আমির খসরু)
মহাপরিচালক
দূতাবাস অডিট অধিদপ্তর, ঢাকা।

ঢাকা

তারিখ ঃ- ০৬/০৬/২০০৭

# অডিট বিষয়ক তথ্য
# (Information about the Audit)

## ১.নিরীক্ষিত প্রতিষ্ঠান (Audited Units):

- বাংলাদেশ দূতাবাস, জাকার্তা
- বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস
- বাংলাদেশ দূতাবাস, লন্ডন
- বাংলাদেশ দূতাবাস, সিটুওয়ে
- বাংলাদেশ দূতাবাস, বেলগ্রেড
- বাংলাদেশ দূতাবাস, মাসকাট
- বাংলাদেশ দূতাবাস, রিয়াদ
- বাংলাদেশ দূতাবাস, বার্লিন
- বাংলাদেশ দূতাবাস, ইসলামাবাদ

| | | |
|---|---|---|
| ২. | অডিটের প্রকৃতি (Nature of Audit) | : কমপ্লায়েন্স অডিট। |
| ৩. | অডিট বৎসর (Audited Year) | : জুলাই/ ২০০৪ - জুন/ ২০০৫ এবং তৎপূর্ববর্তী বৎসর। |
| ৪. | অডিট কাল (Period of Audit) | : আগস্ট/ ২০০৫ - মার্চ/ ২০০৬ (৮ মাস)। |
| ৫. | অডিট কৌশল (Audit Approach) | : পরীক্ষামূলক স্থানীয় নিরীক্ষা (Test Audit)। |
| ৬. | অডিট টীম সংখ্যা (Number of AuditTeams) | : ১৩ (তের)। |
| ৭. | অডিট সমন্বয়কারী | : মহাপরিচালক, দূতাবাস অডিট অধিদপ্তর, ঢাকা। |

# আর্থিক অনিয়মের অডিট ফাইন্ডিংস
# (Audit Findings of Financial Irregularities):

**বিভিন্ন অনিয়মের কারণে আর্থিক ক্ষতির পরিমাণ : ৫৬ লক্ষ ৭১ হাজার টাকা।**

লক্ষ টাকায়

| | |
|---|---|
| • সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নয় এইরূপ রশিদের মাধ্যমে শিক্ষা ভাতা পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss due to payment of education allowance through receipts not issued by cocerned educational institution ) | ৫.৯৭ |
| • প্রাপ্যতার অতিরিক্ত শিক্ষা ভাতা পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss due to payment of education allowance in excess of entitlement) | ১৪.৩৯ |
| • প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য অনিয়মিতভাবে শিক্ষাভাতা পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss for irregular payment of education allowance for study in private institution) | ১৫.৯৬ |
| • অনিয়মিতভাবে শিক্ষা ভাতা পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss for payment of education allowance irregularly) | ০.৭৬ |
| • অনিয়মিতভাবে বদলীজনিত যোগদানকালীন দৈনিক ভাতা পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss due to paygment of joining time daily allowance on transfer irregularly) | ০.৬৪ |
| • প্রাপ্যতা বহির্ভূত দৈনিক ভাতা পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss due to payment of daily allowance not entitled) | ০.৫৭ |
| • অনিয়মিতভাবে দৈনিক ভাতা, ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss due to payment of daily allowance, transit allowance and terminal charge irregularly) | ১.৭৭ |
| • ভ্রমণ না করা সত্ত্বেও সন্তানের জন্য যোগদানকালীন দৈনিক ভাতা, ট্রানজিট ভাতা এবং টার্মিনাল চার্জ পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss for payment of joining time daily allowance, transit allowance and terminal charge for child inspite of the fact that the travel was not undertaken). | ০.৪৫ |
| • যোগদানকালীন দৈনিক ভাতার পরিবর্তে হোটেল ভাড়া পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss due to payment of hotel rent instead of joining time daily allowance) | ১.৬১ |

- নিরাপত্তা জামানত আদায়ে ব্যর্থতার কারনে আর্থিক ক্ষতি (Financial loss for failing to recover security deposit) ৩.৪৬
- সরকারী মঞ্জুরী ব্যতিরেকে ব্যক্তিগত গাড়ী পরিবহণ ব্যয় পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss for paying transport cost of personal car without government sanction) ৫.১৫
- ইমারজেন্সী প্যাসেজ এর আওতায় অনিয়মিতভাবে এয়ার ফেয়ার পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss due to payment of air fare under emergency passage irregularly) ২.০১
- প্রাধিকার বহির্ভূত রেশন ভাতা পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss due to payment of ration allowance without entitlement) ০.৩২
- ইউটিলিটি চার্জ কর্তন না করায় আর্থিক ক্ষতি(Financial loss due to non deduction of utility charges) ১.০৩
- হোমলীভ এর আওতায় অনিয়মিত রুটের বিমান ভাড়া পরিশোধ করায় আর্থিক ক্ষতি (Financial loss for paying air fare of inadmissible route under home leave passage) ২.৬২

- অডিটে উদঘাটিত সর্বমোট ক্ষতি : ৫৬.৭১

ছাপ্পান্ন লক্ষ একাত্তর হাজার টাকা

## ম্যানেজমেন্ট ইস্যু (Management Issues):

- শিক্ষাভাতা পরিশোধের বিষয়ে বিভিন্ন সময়ে অর্থ মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আদেশ সমূহ যথাযথভাবে অনুসরণ না করা;
- ট্রানজিট ডিএ এবং টার্মিনাল চার্জ গ্রহণের ক্ষেত্রে বৈদেশিক ভ্রমনভাতা আদেশ যথাযথভাবে অনুসরণ না করা;
- যোগদানকালীন দৈনিকভাতা প্রাপ্যতা সম্পর্কিত অর্থ মন্ত্রণালয়ের আদেশ অনুসরণ না করা;
- ব্যক্তিগত গাড়ী পরিবহনের ক্ষেত্রে প্রাপ্যতা সম্পর্কিত Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad এর নির্দেশাবলী অনুসরণ না করা;
- ভাড়াকৃত বাড়ি ছেড়ে দেয়ার সময় নিরাপত্তা জামানত আদায়/সমন্বয় না করা;
- ডায়েট চার্জ কর্তন সংক্রান্ত আদেশ অনুসরণ না করা;
- মেডিক্যাল বিলের ১০% ব্যক্তিগতভাবে পরিশোধ সংক্রান্ত আদেশ অনুসরণ না করা;
- ঈযরষফৎবহ চধংংধমব এবং ঐড়সব খবধাব চধংংধমব সংক্রান্ত আদেশ সমূহ যথাযথভাবে অনুসরণ না করা;

## অনিয়ম ও ক্ষতি সমূহের কারণ:(Causes of Irregularities and Losses)

- প্রাপ্যতার অতিরিক্ত এবং ভুয়া রশিদের ভিত্তিতে শিক্ষাভাতা গ্রহণ করা;
- প্রাপ্যতা অনুযায়ী যোগদানকালীন ভাতাদি গ্রহণ না করা;
- বৈদেশিক ভ্রমনভাতা আদেশ যথাযথভাবে অনুসরণ পূর্বক ভাতাদি গ্রহন না করা
- ডায়েট চার্জ কর্তন না করা;
- প্রাপ্যতা বহির্ভূত ইমার্জেন্সী প্যাসেজ বাবদ অর্থ গ্রহন করা;
- ভ্রমন না করা সত্ত্বেও সন্তানের জন্য ভ্রমনভাতা গ্রহন করা;
- প্রাপ্যতা বহির্ভূত রেশন ভাতা গ্রহন করা;
- স্কেল অব ফার্নিচার বহির্ভূত দ্রব্যাদি ক্রয় করা ;
- একই বৎসর হোমলীভ এবং Childrent passage বাবদ বিমানভাড়া গ্রহন করা;
- Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad, সরকারের আর্থিক বিধি বিধান এবং প্রাসংগিক নির্বাহী আদেশাবলী সঠিকভাবে অনুসরণ না করা।

## সুপারিশ (Recommendations):

- সরকারি নীতিমালা, আর্থিক বিধি এবং প্রাসংগিক নির্বাহী আদেশাবলী যথাযথভাবে অনুসরণ করা;
- কার্যকরী অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা;
- প্রকৃত ব্যয় বাজেট বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ রাখা;
- উদ্বৃত্ত অর্থ সমর্পন এবং অতিরিক্ত ব্যয়ের অর্থ মঞ্জুরী/বরাদ্দ দ্বারা নিয়মিত করা;
- প্রাপ্যতা বহির্ভূত শিক্ষা ভাতা গ্রহণ না করা ;
- ভূয়া রশিদের ভিত্তিতে শিক্ষাভাতা পরিশোধ না করা;
- ট্রানজিট ডিএ ও টার্মিনাল চার্জ গ্রহণের ক্ষেত্রে বৈদিশিক ভ্রমনভাতা আদেশ যথাযথভাবে অনুসরণ করা;
- ব্যক্তিগত ব্যয়ের অর্থ দূতাবাস তহবিল হতে গ্রহণ না করা;
- যোগদানকালীন সময়ে প্রাপ্যতা বহির্ভূত হোটেল ভাড়া গ্রহণ না করা;
- ব্যক্তিগত গাড়ী পরিবহন ব্যয় পরিশোধের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহন করা;
- ভাড়া বাড়ী পরিত্যাগের সময় নিরাপত্তা জামানত আদায়/সমন্বয় নিশ্চিত করা;
- মেডিক্যাল বিল পরিশোধের ক্ষেত্রে ১০% ব্যক্তিগতভাবে বহন করা;
- প্রাপ্যতা বহির্ভূত রেশন ভাতা গ্রহণ না করা ;
- স্কেল অব ফার্নিচার বহির্ভূত দ্রব্যাদি ক্রয় না করা ;
- Home Leave Passage এবং Childern Passage সংক্রান্ত আদেশ সমূহ যথাযথভাবে অনুসরণ করা;

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক প্রণীত বার্ষিক অডিট রিপোর্ট

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন

## বিদেশে অবস্থিত বাংলাদেশের ৯টি দূতাবাস

## অর্থ বৎসর:২০০৪-২০০৫

## (২য় খন্ড)

[গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত]

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক প্রণীত বার্ষিক অডিট রিপোর্ট

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন

## বিদেশে অবস্থিত বাংলাদেশের ৯টি দূতাবাস

## অর্থ বৎসর:২০০৪-২০০৫

## (২য় খন্ড)

---

[গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩২ অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত]

"ক"

## সূচীপত্র


| | | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর মন্তব্য | - | খ |
| ২. | গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতির সংক্ষিপ্তসার | - | ১-২ |
| ৩. | গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতির বিস্তারিত বিবরণ | - | ৩-১৭ |

"খ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক দূতাবাস অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এই অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হ'লো।

স্বাক্ষরিত
(আসিফ আলী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ

তারিখ ঃ ২৫/০৩/১৪১৪ বঙ্গাব্দ
০৯/০৭/০৭ খ্রিষ্টাব্দ

# গুরুত্বর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতির সংক্ষিপ্তসার

| আপত্তির ক্রমিক নং | দূতাবাসের নাম | নিরীক্ষা আপত্তির শিরোনাম | জড়িত অর্থ টাকা | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জাকার্তা | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নয় এইরূপ রশিদের মাধ্যমে শিক্ষাভাতা পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ৫,৯৬,৯৪২ | ৩ |
| ২ | ব্রাসেলস | প্রাপ্যতার অতিরিক্ত শিক্ষাভাতা পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ১৪,৩৮,৫৮১ | ৪ |
| ৩ | লন্ডন | অনিয়মিতভাবে প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য শিক্ষাভাতা পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ১৫,৯৬,৩৩৬ | ৫ |
| ৪ | কনস্যুলেট জেনারেল সিটুওয়ে | অনিয়মিতভাবে শিক্ষাভাতা পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ৭৬,৩৪৮ | ৬ |
| ৫ | বেলগ্রেড | অনিয়মিতভাবে বদলীজনিত যোগদানকালীন দৈনিকভাতা পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ৬৪,৪৭২ | ৭ |
| ৬ | মাসকট | প্রাপ্যতা বহির্ভূত দৈনিক ভাতা পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ৫৬,৫৪১ | ৮ |
| ৭ | রিয়াদ এবং কনস্যুলেট জেনারেল সিটুওয়ে | অনিয়মিতভাবে দৈনিক ভাতা, ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ১,৭৭,২০৪ | ৯ |
| ৮ | বার্লিন | ভ্রমণ না করা সত্ত্বেও সন্তানের জন্য যোগদানকালীন ডিএ, ট্রানজিট ভাতা এবং টার্মিনাল চার্জ বাবদ অর্থ পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ৪৪,৭৫৫ | ১০ |
| ৯ | ইসলামাবাদ | যোগদানকালীন দৈনিক ভাতার পরিবর্তে হোটেল ভাড়া ও নগদ ভাতা পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ১,৬০,৯৫০ | ১১ |
| ১০ | লন্ডন | নিরাপত্তা জামানত আদায়ে ব্যর্থতার কারনে আর্থিক ক্ষতি | ৩,৪৫,৯৩৬ | ১২ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | লন্ডন | অর্থ মন্ত্রণালয়ের মঞ্জুরী ব্যতিরেকে দূতাবাস তহবিল হতে ব্যক্তিগত গাড়ী পরিবহন ব্যয় পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ৫,১৪,৭৩১ | ১৩ |
| ১২ | লন্ডন | ইমারজেন্সী প্যাসেজ এর আওতায় অনিয়মিতভাবে এয়ার ফেয়ার পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ২,০১,০০২ | ১৪ |
| ১৩ | রিয়াদ | প্রাধিকার বহির্ভূত রেশনভাতা পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ৩২,৩৭২ | ১৫ |
| ১৪ | বেলগ্রেড | ইউটিলিটি চার্জ কর্তন না করার ফলে আর্থিক ক্ষতি | ১,০৩,৩৬৬ | ১৬ |
| ১৫ | বার্লিন | হোমলীভ এর আওতায় অনিয়মিত রুটের বিমানভাড়া পরিশোধের ফলে আর্থিক ক্ষতি | ২,৬২,২২১ | ১৭ |
| | | মোট | ৫৬,৭১,৭৫৭ | |

ছাপ্পান্ন লক্ষ একাত্তর হাজার সাতশত

সাতান্ন

অনুচ্ছেদ নং-১

| | | |
|---|---|---|
| **শিরোনাম ঃ** | • | **সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নয় এইরূপ রশিদের মাধ্যমে শিক্ষা ভাতা পরিশোধের ফলে ৫ লক্ষ ৯৬ হাজার ৯৪২ টাকা ক্ষতি।** |
| **বিবরণ ঃ** | • | বাংলাদেশ সরকারের জাকার্তা দূতাবাসে কর্মরত দু'জন কর্মকর্তাকে স্কুল ও ইউনিভার্সিটি কর্তৃক প্রদত্ত নয় এইরূপ রশিদের ভিত্তিতে শিক্ষা ভাতা পরিশোধের ফলে উপরোক্ত (মাঃডঃ ১০৩০৯.২০) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট-১ দ্রষ্টব্য)। |
| | • | পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২৮/৯/১৯৮৩ তারিখের স্মারক নং বি-৮/২/৮৩ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের প্রদত্ত প্রাপ্তি রশিদের ভিত্তিতে শিক্ষাভাতা পরিশোধযোগ্য। |
| | • | এ ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি। |
| | • | মিশন কর্তৃক পরিশোধিত শিক্ষাভাতা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রদত্ত সার্টিফিকেট অনুযায়ী পরিশোধিত শিক্ষাভাতা অপেক্ষা অনেক বেশী। |
| | • | এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নয় এইরূপ রশিদের ভিত্তিতে শিক্ষাভাতা হিসাবে অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়েছে। |
| **নিরীক্ষিত অফিসের জবাব ঃ** | • | মিশনকে বিস্তারিত ব্যাখ্যা প্রদানের জন্য বলা হয়েছে। মিশনের ব্যাখ্যা পাওয়ার পর অবহিত করা হবে। |
| **অডিটের মন্তব্য ঃ** | • | শিক্ষা প্রতিষ্ঠানের প্রাপ্তি রশিদ এর ভিত্তিতে শিক্ষা ভাতা প্রদেয়, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নয় এইরূপ রশিদের ভিত্তিতে নয়। |
| **অডিটের সুপারিশ ঃ** | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৩/১৯৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তার কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |
| | • | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নয় এইরূপ রশিদের মাধ্যমে সরকারি কোষাগার হতে অর্থ গ্রহনের জন্য দায়ী কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা আবশ্যক। |

অনুচ্ছেদ নং-২

| | | |
|---|---|---|
| **শিরোনাম ঃ** | • | **প্রাপ্যতার অতিরিক্ত শিক্ষা ভাতা পরিশোধের ফলে সরকারের ১৪ লক্ষ ৩৮ হাজার ৫৮১ টাকা ক্ষতি ।** |
| **বিবরণ ঃ** | • | বাংলাদেশ সরকারের ব্রাসেলস দূতাবাসে কর্মরত কর্মকর্তা / কর্মচারীগণ কর্তৃক প্রাপ্যতার অতিরিক্ত শিক্ষা ভাতা বাবদ অর্থ গ্রহনের ফলে উপরোক্ত (মাঃডঃ ২৪৮৪৬) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট-২ দ্রষ্টব্য) । |
| | • | অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাংকৃত পররাষ্ট্র মন্ত্রণালয়ের ৩১-৭-২০০০ তারিখের আদেশ নং-এডি-আর এন্ড ডি-০২৪ অনুযায়ী দূতাবাসে কর্মরত কর্মকর্তা / কর্মচারীগণ সন্তানের লেখাপড়ার ব্যয় নির্বাহের জন্য এক পঞ্জিকা বৎসরে শিক্ষা ভাতা হিসাবে শিক্ষা প্রতিষ্ঠানে পরিশোধিত অর্থের ৮৫% সর্বোচ্চ মার্কিন ডলার ৭৮০০ প্রাপ্য । |
| | • | এ ক্ষেত্রে বর্ণিত আদেশ লঙ্ঘন পূর্বক ৮ (আট) জন কর্মকর্তা / কর্মচারীকে অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়েছে । |
| **নিরীক্ষিত অফিসের জবাব ঃ** | • | মঞ্জুরীকৃত শিক্ষা ভাতা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রকৃত টিউশন ফি অপেক্ষা অনেক কম । এই ফি সরাসরি শিক্ষা প্রতিষ্ঠানে জমা করা হয়েছে যা ফেরত পাওয়া সম্ভব নয় । |
| **অডিটের মন্তব্য ঃ** | • | এক পঞ্জিকা বৎসরে শিক্ষা প্রতিষ্ঠানে পরিশোধিত অর্থের ৮৫% সর্বোচ্চ মা:ড: ৭৮০০ এর অতিরিক্ত শিক্ষা ভাতা প্রদানের বিধিগত সুযোগ নেই । |
| **অডিটের সুপারিশ ঃ** | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৩/১৯৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী এই ক্ষেত্রে অতিরিক্ত পরিশোধিত অর্থ সংশ্লিষ্ট ৮ জন কর্মকর্তা/কর্মচারীর কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে । |

অনুচ্ছেদ নং-৩

| | | |
|---|---|---|
| শিরোনাম ঃ | • | **প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য অনিয়মিতভাবে শিক্ষা ভাতা পরিশোধের ফলে ১৫ লক্ষ ৯৬ হাজার ৩৩৬ টাকা ক্ষতি ।** |
| বিবরণ ঃ | • | বাংলাদেশ সরকারের লন্ডন দূতাবাস এ কর্মরত কর্মকর্তা / কর্মচারীগণকে প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত তাঁদের সন্তানের লেখাপড়ার ব্যয় নির্বাহের জন্য শিক্ষা ভাতা বাবদ অর্থ পরিশোধের ফলে উপরোক্ত (পাউন্ড ১৭২৯২.৬১) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট-৩ দ্রষ্টব্য) । |
| | • | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১২-৬-১৯৯৫ তারিখের স্মারক নং-অম/অবি/বিধি-৪/পঃমঃ/ভাতা-৯/৮৫/২৯০ অনুযায়ী অষ্ট্রেলিয়া, কানাডা, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্রে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে কর্মরত কর্মকর্তা / কর্মচারীগণ তাঁদের সন্তানদের প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য শিক্ষাভাতা পাবেন না । |
| | • | এ ক্ষেত্রে বর্ণিত আদেশ লঙ্ঘন পূর্বক বাংলাদেশ দূতাবাস লন্ডন এর ৪ জন কর্মকর্তাকে শিক্ষাভাতা পরিশোধ করা হয়েছে । |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • | মঞ্জুরীকৃত শিক্ষা ভাতা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রকৃত টিউশন ফি অপেক্ষা অনেক কম । এই ফি সরাসরি শিক্ষা প্রতিষ্ঠানে জমা করা হয়েছে যা ফেরত পাওয়া সম্ভব নয় । |
| অডিটের মন্তব্য ঃ | • | যুক্তরাজ্যে প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য শিক্ষাভাতা পরিশোধ করা বিধি বহির্ভূত হয়েছে । |
| অডিটের সুপারিশ ঃ | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৩/১৯৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ৪ জন কর্মকর্তা/কর্মচারীর কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে । |

অনুচ্ছেদ নং-৪

| | | |
|---|---|---|
| শিরোনাম ঃ | • | **অনিয়মিতভাবে শিক্ষা ভাতা পরিশোধের ফলে ৭৬ হাজার ৩৪৮ টাকা ক্ষতি ।** |
| বিবরণ ঃ | • | বাংলাদেশ কন্স্যুলেট অফিস, সিটুওয়ে মিয়ানমার এ কর্মরত কর্মকর্তাগনকে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রশিদ ব্যতীত এবং একই শ্রেণীতে দুই বছর অধ্যয়নের জন্য শিক্ষা ভাতা বাবদ অর্থ পরিশোধের ফলে উপরোক্ত (মাঃডঃ ১২৯৯.৬৬) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট-৪ দ্রষ্টব্য) । |
| | • | অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাংকৃত পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২৮/৯/১৯৮৩ তারিখের আদেশ নং-বি-৮/২/৮৩ অনুযায়ী বাংলাদেশ দূতাবাসে কর্মরত কর্মকর্তা / কর্মচারীগণ তাঁদের সন্তানের লেখাপড়ার ব্যয় নির্বাহের জন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রশিদের ভিত্তিতে শিক্ষা ভাতা প্রাপ্য হবে । |
| | • | এ ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রশিদ ব্যতীত শিক্ষা ভাতা পরিশোধ করা হয়েছে । |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • | জড়িত অর্থ সংশ্লিষ্টদের কাছ থেকে আদায় করার জন্য অনুরোধ করা হয়েছে । |
| অডিটের মন্তব্য ঃ | • | শিক্ষা প্রতিষ্ঠানের প্রাপ্তি রশিদ ব্যতীত এবং একই শ্রেণীতে দুই বছর অধ্যয়নের জন্য শিক্ষাভাতা পরিশোধের অবকাশ নেই । |
| অডিটের সুপারিশ ঃ | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৩/১৯৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তার কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে । |

**অনুচ্ছেদ নং-৫**

| | | |
|---|---|---|
| শিরোনাম ঃ | • | **অনিয়মিতভাবে বদলীজনিত যোগদানকালীন দৈনিক ভাতা পরিশোধের ফলে ৬৪ হাজার ৪৭২ টাকা ক্ষতি ।** |
| বিবরণ ঃ | • | বাংলাদেশ সরকারের বেলগ্রেড দূতাবাসে কর্মরত ২জন কর্মচারীকে অন্যত্র বদলীর প্রেক্ষিতে সরকারী বাসায় অবস্থান করে যোগদানকাল ভোগ করায় অর্ধ হারের পরিবর্তে পূর্ণ হারে দৈনিক ভাতা পরিশোধের ফলে সরকারের উপরোক্ত (মাঃডঃ ১৭০২) ক্ষতি হয়েছে ( পরিশিষ্ট-৫ দ্রষ্টব্য) । |
| | • | ক্ষ.ক্ষ.র্জষব-১৯৬২ ধারা ৩৬(রর) অনুযায়ী সরকারী বাসায় অবস্থান করে যোগদানকাল ভোগ করায় ৫০% হারে দৈনিক ভাতা প্রদেয় । |
| | • | এ ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি । |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • | সংশ্লিষ্ট ২জন কর্মচারীকে পত্র দেয়া হয়েছে । অগ্রগতি পরবর্তীতে অবহিত করা হবে । |
| অডিটের মন্তব্য ঃ | • | সরকারী বাসায় অবস্থান করে যোগদানকাল ভোগ করার ফলে পূর্ণ হারে দৈনিক ভাতা প্রদেয় নয় । |
| অডিটের সুপারিশ ঃ | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৩/১৯৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ২ জন কর্মচারীর কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে । |

**অনুচ্ছেদ নং-৬**

| | |
|---|---|
| শিরোনাম ঃ | • **প্রাপ্যতা বহির্ভূত দৈনিক ভাতা পরিশোধের ফলে ৫৬ হাজার ৫৪১ টাকা ক্ষতি ।** |
| বিবরণ ঃ | • বাংলাদেশ সরকারের মাসকাট দূতাবাসে কর্মরত রাষ্ট্রদূত এর স্ত্রীর অনুকূলে প্রাপ্যতা বহির্ভূত দৈনিক ভাতা পরিশোধ করার ফলে উপরোক্ত (মাঃডঃ ৯৮৪ ) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট- ৬ দ্রষ্টব্য) ।<br>• ফরেন সার্ভিস রুল ১৮(১) এর নোট -৪ অনুযায়ী মান্যবর রাষ্ট্রদূত এর স্ত্রীর ক্ষেত্রে ভ্রমণ প্রতিনিধিত্ব মূলক বা আনুষ্ঠানিক না হলে ভ্রমণ ভাতা প্রদেয় নয় ।<br>• এ ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি । |
| নিরীক্ষিত **অফিসের** জবাব ঃ | • সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করা হয়েছে । |
| অডিটের মন্তব্য ঃ | • আলোচ্য ক্ষেত্রে ভ্রমণ আনুষ্ঠানিক না হওয়ায় রাষ্ট্রদূতের স্ত্রীর অনুকূলে দৈনিক ভাতা পরিশোধ বিধি বহির্ভূত হয়েছে । |
| অডিটের সুপারিশ ঃ | • অর্থ মন্ত্রণালয়ের ১৮/৩/৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/ জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে । |

অনুচ্ছেদ নং-৭

| | | |
|---|---|---|
| শিরোনাম ঃ | • | **অনিয়মিতভাবে দৈনিক ভাতা, ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ পরিশোধের ফলে ১ লক্ষ ৭৭ হাজার ২০৪ টাকা ক্ষতি ।** |
| বিবরণ ঃ | • | বাংলাদেশ সরকারের রিয়াদ দূতাবাস এবং বাংলাদেশ কন্স্যুলেট জেনারেল সিট্টুওয়ে, মিয়ানমার এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে আভ্যন্তরিন এবং বদলী জনিত ভ্রমনের জন্য প্রাপ্যতার অতিরিক্ত দৈনিক ভাতা, ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ পরিশোধের ফলে উপরোক্ত (মাঃডঃ ১৭৬২.১৫) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট-৭ দ্রষ্টব্য) । |
| | • | অর্থ মন্ত্রণালয়ের ১৫/১০/২০০১ তারিখের স্মারক নং-অবি/বহি:অর্থ/বা-২/২(১৯)/২০০০-২০০১/৪৪(২৫০০০) অনুযায়ী দৈনিক ভাতা, ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ প্রাপ্য । |
| | • | এ ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি । |
| নিরীক্ষিত **অফিসের** জবাব ঃ | • | অতিরিক্ত পরিশোধিত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছ থেকে আদায় করা হবে এবং সংশ্লিষ্ট কর্মচারীর কাছ থেকে জড়িত অর্থ আদায় করার জন্য মিশনকে নির্দেশ প্রদান করা হয়েছে । |
| অডিটের মন্তব্য ঃ | • | প্রাপ্যতার অতিরিক্ত অর্থ পরিশোধ বিধি বহির্ভূত হয়েছে । |
| অডিটের সুপারিশ ঃ | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/৩/৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/ অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ৫ জন কর্মকর্তা/কর্মচারীর কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে । |

**অনুচ্ছেদ নং-৮**

| | |
|---|---|
| শিরোনাম ঃ | • **ভ্রমণ না করা সত্ত্বেও সন্তানের জন্য যোগদানকালীন ডি এ, ট্রানজিট ডিএ এবং টার্মিনাল চার্জ বাবদ অর্থ পরিশোধের ফলে ৪৪ হাজার ৭৫৫ টাকা ক্ষতি।** |
| বিবরণ ঃ | • বাংলাদেশ সরকারের বার্লিন দূতাবাস এ কর্মরত কর্মকর্তার সন্তান বদলীকালে তাঁদের সাথে ভ্রমণ না করা সত্ত্বেও যোগদানকালীন ডি এ, ট্রানজিট ডি এ এবং টার্মিনাল চার্জ বাবদ অর্থ পরিশোধ করার ফলে উপরোক্ত (মা:ডঃ ৭৭২.৮৮) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট- ৮ দ্রষ্টব্য)। ।<br>• অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাঙ্কনকৃত পররাষ্ট্র মন্ত্রণালয়ের ১৬/১১/৯২ তারিখের পত্র নং-বিধি-৪/১১/৮১ অনুযায়ী শিক্ষা উপলক্ষে তৃতীয় দেশে অবস্থানকারী নির্ভরশীল সন্তান অনুর্ধ্ব এক বছরের মধ্যে ভ্রমণ করলে বর্ণিত সুবিধা প্রদেয় হবে।<br>• এক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি। |
| নিরীক্ষিত **অফিসের** জবাব ঃ | • সংশ্লিষ্ট কর্মকর্তাগনকে অবহিত করা হয়েছে। |
| অডিটের মন্তব্য ঃ | • সংশ্লিষ্ট কর্মকর্তার সন্তান বর্নিত সময়ের মধ্যে ভ্রমন না করায় এবং দেশে প্রত্যাগমন / ভ্রমণ না করায় যোগদানকালীন ডিএ, ট্রানজিট ডিএ এবং টার্মিনাল চার্জ বাবদ অর্থ প্রদেয় নয়। |
| অডিটের সুপারিশ ঃ | • অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৩/১৯৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে জড়িত অর্থ আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |

অনুচ্ছেদ নং-৯

| | | |
|---|---|---|
| শিরোনাম ঃ | • | **যোগদানকালীন দৈনিক ভাতার পরিবর্তে হোটেল ভাড়া ও নগদ ভাতা পরিশোধের ফলে ১ লক্ষ ৬০ হাজার ৯৫০ টাকা ক্ষতি।** |
| বিবরণ ঃ | • | বাংলাদেশ সরকারের ইসলামাবাদ দূতাবাসে কর্মরত ২জন কর্মচারীকে বাংলাদেশে বদলীর প্রেক্ষিতে যোগদানকালীন দৈনিক ভাতার পরিবর্তে প্রাপ্যতা বহির্ভূত হোটেল ভাড়া ও নগদ ভাতা এবং প্রাপ্যতার অতিরিক্ত ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ পরিশোধের ফলে উপরোক্ত (মাঃডঃ ২৭৭৯.৮০) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট-৯ দ্রষ্টব্য)। |
| | • | পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২৬-৬-১৯৮৯ তারিখের স্মারক নং-বিবিধ-৪/১১/৮৯ অনুযায়ী আলোচ্য ক্ষেত্রে হোটেল ভাড়া প্রদেয় নয়। |
| | • | এ ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি। |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • | এফসি অফিস কর্তৃক চূড়ান্ত ভ্রমনভাতা বিল পরিশোধের মাধ্যমে দেনা-পাওনা সমন্বয় করা হবে। |
| অডিটের মন্তব্য ঃ | • | যোগদানকালীন সময় যোগদানকালীন দৈনিক ভাতার পরিবর্তে হোটেল ভাড়া ও নগদ ভাতা প্রদেয় নয়। |
| অডিটের সুপারিশ ঃ | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/৩/৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ২ জন কর্মচারীর কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |

অনুচ্ছেদ নং- ১০

| | |
|---|---|
| **শিরোনামঃ** | • **নিরাপত্তা জামানত আদায়ে ব্যর্থতার ফলে ৩ লক্ষ ৪৫ হাজার ৯৩৬ টাকা ক্ষতি।** |
| বিবরণ ঃ | • বাংলাদেশ সরকারের লন্ডন দূতাবাসে কর্মরত কর্মকর্তাদের জন্য ভাড়াকৃত বাড়ীর বিপরীতে নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত অর্থ আদায়ে ব্যর্থতার ফলে উপরোক্ত (পাউন্ড-৩২০০) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট- ১০ দ্রষ্টব্য)।<br>• মিশন অডিট ম্যানুয়েল এর প্যারা ২৪৩ এবং এপেনডিক্স ১২ অনুযায়ী বাসাভাড়া চুক্তির মেয়াদান্তে অথবা সংশ্লিষ্ট বসবাসকারী কর্মকর্তার বদলীকালে বাড়ীর মালিককে নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত অর্থ বাড়ির মালিকের নিকট হতে আদায় করে দূতাবাস তহবিলে জমা করা আবশ্যক।<br>• এ ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি। |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত অর্থ আদায়ের বিষয়টি দূতাবাসের দায়িত্ব এবং বাড়ীর ক্ষতির জন্য সংশ্লিষ্ট বসবাসকারী দায়ী। নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত অর্থ আদায়ের জন্য বাড়ির মালিকের সাথে যোগাযোগ অব্যাহত আছে এবং সংশ্লিষ্ট দু'জন কর্মকর্তাকে অবহিত করা হয়েছে। |
| অডিটের মন্তব্য ঃ | • বাড়ী ভাড়ার চুক্তির মেয়াদান্তে অথবা সংশ্লিষ্ট বসবাসকারীর বদলীকালে নিরাপত্তা জামানতের অর্থ আদায়/সমন্বয় করা আবশ্যক। |
| অডিটের সুপারিশ ঃ | • অর্থ মন্ত্রণালয়ের ১৮/৩/৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তা / কর্মচারীর কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |

অনুচ্ছেদ নং- ১১

| | | |
|---|---|---|
| শিরোনাম ঃ | • | **অর্থ মন্ত্রণালয়ের মঞ্জুরী ব্যতিরেকে দূতাবাস তহবিল হতে ব্যক্তিগত গাড়ী পরিবহণ ব্যয় পরিশোধের ফলে ৫ লক্ষ ১৪ হাজার ৭৩১ টাকা ক্ষতি।** |
| বিবরণ ঃ | • | বাংলাদেশ সরকারের লন্ডন দূতাবাসে কর্মরত ২জন কর্মকর্তাকে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত ব্যক্তিগত গাড়ী পরিবহণ ব্যয় পরিশোধের ফলে উপরোক্ত (পাউন্ড- ৫৪৯০) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট- ১১ দ্রষ্টব্য)। |
| | • | Financial Instructions for the Guaidance of Bangladesh Missions Abroad Gi chapter-10 para-23 অনুযায়ী ব্যক্তিগত গাড়ী পরিবহনের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন আবশ্যক। |
| | • | এ ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি। |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • | সংশ্লিষ্ট ২জন কর্মকর্তাকে অবহিত করা হয়েছে। |
| অডিটের মন্তব্য ঃ | • | অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত দূতাবাস তহবিল থেকে ব্যক্তিগত গাড়ী পরিবহণ ব্যয় প্রদেয় নয়। |
| অডিটের সুপারিশ ঃ | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/৩/৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তার কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |

**অনুচ্ছেদ নং- ১২**

| | |
|---|---|
| শিরোনাম ঃ | • **ইমারজেন্সী প্যাসেজ এর আওতায় অনিয়মিতভাবে এয়ার ফেয়ার পরিশোধের ফলে ২ লক্ষ ১ হাজার ২ টাকা ক্ষতি।** |
| বিবরণ ঃ | • বাংলাদেশ সরকারের লন্ডন দূতাবাসে কর্মরত দু'জন কর্মকর্তাকে বিধি বহির্ভূতভাবে ইমারজেন্সী প্যাসেজ এর আওতায় এয়ার টিকেট বাবদ দূতাবাস তহবিল থেকে অর্থ পরিশোধের ফলে উপরোক্ত (পাউন্ড-২১৪০)ক্ষতি হয়েছে (পরিশিষ্ট -১২ দ্রষ্টব্য)।<br>• Ministry of External Affairs এর ৫/৮/১৯৬৩ তারিখের জারীকৃত রুল নং-১০/২/৬১ অনুযায়ী পররাষ্ট্র ক্যাডার বহির্ভূত কর্মকর্তাগণ ইমারজেন্সী প্যাসেজ প্রাপ্য নহেন।<br>• এ ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি। |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • সংশ্লিষ্ট কর্মকর্তাদ্বয়কে অবহিত করা হয়েছে। |
| অডিটের মন্তব্য ঃ | • পররাষ্ট্র ক্যাডার বহির্ভূত কর্মকর্তাকে ইমারজেন্সী প্যাসেজ এর আওতায় এয়ার ফেয়ার বাবদ অর্থ প্রদান করা বিধি বর্হিভূত হয়েছে। |
| অডিটের সুপারিশ ঃ | • অর্থ মন্ত্রণালয়ের ১৮/৩/৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তার কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |

**অনুচ্ছেদ নং- ১৩**

| | | |
|---|---|---|
| শিরোনাম ঃ | • | **প্রাধিকার বহির্ভূত রেশন ভাতা পরিশোধের ফলে ৩২ হাজার ৩৭২ টাকা ক্ষতি।** |
| বিবরণ ঃ | • | বাংলাদেশ সরকারের রিয়াদ দূতাবাসে কর্মরত একজন কর্মকর্তাকে প্রাপ্যতা বহির্ভূত রেশন ভাতা পরিশোধের ফলে উপরোক্ত (মা:ড: ৫৫৯.১১) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট ১৩ দ্রষ্টব্য)। |
| | • | প্রতিরক্ষা বিভাগের জেএস আই-৪/৯৫ এর অনুচ্ছেদ-৩ এ বর্ণিত শর্তানুযায়ী দূতাবাসে কর্মরত থাকাকালীন রেশন ভাতা প্রদেয় নয়। |
| | • | আলোচ্য ক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি। |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • | জেএস আই এর শর্ত বহির্ভূত রেশন ভাতা প্রদেয় নয়। |
| অডিটের মন্তব্য ঃ | • | প্রাপ্যতা বহির্ভূত রেশন ভাতা পরিশোধ করা বিধি সম্মত হয়নি। |
| অডিটের সুপারিশ ঃ | • | অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৩/১৯৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/ অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |

**অনুচ্ছেদ নং- ১৪**

| | |
|---|---|
| শিরোনাম ঃ | • **ইউটিলিটি চার্জ কর্তন না করার ফলে ১লক্ষ ৩ হাজার ৩৬৬ টাকা ক্ষতি।** |
| বিবরণ ঃ | • বাংলাদেশ সরকারের বেলগ্রেড দূতাবাস এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের বাসভবনে ব্যবহৃত ইউটিলিটি চার্জ কর্তন না করার ফলে উপরোক্ত (মা:ভ:২৮০২) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট- ১৪ দ্রষ্টব্য)। ।<br>• ঋরহধহপরধষ ওহংঃৎঁপঃরড়হং ভড়ৎ ঃযব এঁরফধহপব ড়ভ ইধহমষধফবংয গরংংরড়হং অনৎড়ধফ এর চ্যাপ্টার -১২ অনুচ্ছেদ -৩ অনুযায়ী বিদ্যুৎ, উত্তাপন ও পানির বিল বাড়ি ভাড়ার মধ্যে অন্তর্ভূক্ত থাকলে ইউটিলিটি চার্জ বাবদ বাড়ি ভাড়ার ৬% (২%+২%+২%) হারে কর্তন করতে হবে।<br>• এক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি। |
| নিরীক্ষিত অফিসের জবাব ঃ | • সংশ্লিষ্ট কর্মকর্তা মৃত্যুবরণ করায় তাঁর অংশ নিস্পত্তির সুপারিশ করা হয়েছে এবং সংশ্লিষ্ট ৩ জন কর্মচারীকে অবহিত করা হয়েছে । |
| অডিটের মন্তব্য ঃ | • প্রাপ্যতার অতিরিক্ত অর্থ পরিশোধ বিধি বহির্ভ⃞ত হয়েছে। |
| অডিটের সুপারিশ ঃ | • অর্থ মন্ত্রণালয়ের ১৮/০৩/১৯৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/৯১-৯২/ অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তা এবং ৩ জন কর্মচারীর কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। |

শিরোনাম ঃ

- **হোমলীভ এর আওতায় অনিয়মিত রুটের বিমান ভাড়া পরিশোধের ফলে ২ লক্ষ ৬২ হাজার ২২১ টাকা ক্ষতি।**

বিবরণ ঃ

- বাংলাদেশ সরকারের বার্লিন দূতাবাসে কর্মরত একজন কর্মকর্তাকে হোমলীভ এর আওতায় প্রাপ্যতা বহির্ভূত অনিয়মিত রুটের জন্য বিমান ভাড়া পরিশোধের ফলে উপরোক্ত (মাঃডঃ ৪১৯৭.০৬) ক্ষতি হয়েছে (পরিশিষ্ট- ১৫ দ্রষ্টব্য)।

- ফরেন সার্ভিস রুল ১৯৬২ এর ধারা-১৩ অনুযায়ী দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী কর্মরত দেশ এবং ছুটি ভোগের দেশের বিমান বন্দর পর্যন্ত যাতায়াতের জন্য বিমান ভাড়া প্রাপ্য।

- এক্ষেত্রে বর্ণিত আদেশ অনুসৃত হয়নি।

নিরীক্ষিত অফিসের জবাব ঃ

- সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করা হয়েছে।

অডিটের মন্তব্য ঃ

- হোমলীভ এর আওতায় অনিয়মিত রুটের বিমান ভাড়া প্রদেয় নয়।

অডিটের সুপারিশ ঃ

- অর্থ মন্ত্রণালয়ের ১৮/৩/৯২ তারিখের স্মারক নং এম,এফ/ই,এফ-৪(এটি)/জি(৪৪)/ ৯১-৯২/অংশ-২/৫৩ অনুযায়ী বর্ণিত অর্থ সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করে অডিটকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত

(মোঃ আমির খসরু)

মহাপরিচালক

দূতাবাস অডিট অধিদপ্তর, ঢাকা।

ঢাকা

তারিখ ঃ- ০৬/০৬/২০০৭



বাঃসঃমুঃ-২০০৬/০৭-৪৬৮১ কম/এ-৭০০ বই, ২০০৭।